# ALL INDIA RADIO

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 JUNE 2024** **7:45—7:55 PM IST**

==============================================================================

১) দেশকে বিশ্বের তৃতীয় অর্থনীতি হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে কৃষি ক্ষেত্র গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি প্রকল্পের সপ্তদশ কিস্তি প্রদান করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২) মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের দায়িত্ব গ্রহণ । মন্ত্র কেশব মহন্তকে পরিবহন,মৎস ও আবগারী বিভাগের দায়িত্ব অর্পণ ।

৩) আই আই টি খড়গপুরের ছাত্রাবাসে তিনসুকীয়ার ছাত্র ফাইজান আহমেদের মৃতদেহ উদ্ধারের ঘটনায় সি বি আই তদন্তের আহ্বান জানিয়ে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার পশ্চিমবঙ্গের মূখ্যমন্ত্রীর কাছে পত্র প্রেরণ ।

৪) রাজ্যের গৃহ ও রাজনৈতিক বিভাগের সচিব তথা বারতীয় পুলিশ সেবার আধিকারিক শিলাদিত্য চেতিয়ার আত্মহত্যার ঘটনায় আসাম পুলিশের শোক প্রকাশ ।

---

দেশকে বিশ্বের তৃতীয় অর্থনীতি হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে কৃষি ক্ষেত্র গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে ও কৃষকদের আয় বৃদ্ধি করা ও সরকারের অন্যতম লক্ষ্য ।বারাণসীর মেহন্দিগঞ্জে আয়োজিত প্রধানমন্ত্রী কিষান সম্মান সম্মেলনে অংশ নিয়ে প্রধানমন্ত্রী শ্রী মোদী এই মন্তব্য করেন তিনি বলেন যে সরকারের গ্রহণ করা ব্যবস্থা অনুযায়ী কৃষিজাত সামগ্রী রপ্তানীর ক্ষেত্রে ভারত এগিয়ে রয়েছে ।বিকশিত ভারত সংকল্প যাত্রার অধীনে এই কোটীর ও বেশী কৃষক প্রধানমন্ত্রী কৃষক প্রকল্পে অর্ন্তভূক্ত হয়েছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

এই সম্মেলনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি প্রকল্পের সপ্তদশ কিস্তি হিসেবে সরাসরি লাভ হস্তান্তর ব্যবস্থার মাধ্যমে প্রায় ৯ কোটি ২৬ লক্ষ হিতা ধিকারী কৃষকদের ২০ হাজার কোটির ও এশী টাকা প্রদান করেছেন । এপর্যন্ত ১১ কোটির ও বেশী যোগ্য কৃষক পরিবার প্রধানমন্ত্রী কিষাণ প্রকল্পের অধীনে ৩ লক্ষ ৪ হাজার কোটির ও বেশী টাকা লাভ করেছে । অনুষ্ঠানে প্রধানমন্ত্রী কৃষি সখী হিসেবে আত্মসহায়ক গোষ্ঠীর ৩০ হাজারের ও বেশী মহিলাকে প্রমাণপত্র বিতরণের সূচণা করেন ।লক্ষপতি দিদি কার্যসুচীর লক্ষ্য অনুযায়ী এই প্রমানপত্র বিতরণ করা হয়েছে ।প্রধানমন্ত্রী আজ দিনব্যাপী উত্তরপ্রদেশ ভ্রমনের সময়কালে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান সম্মেলনে ও অংশ নেন । সম্মেলনের সংগে সংগতি রেখে লাইভ ওয়েব কাষ্টের মাধ্যমে দেশের বেশ কয়েকটি নির্ধারিত স্থানে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।এই অনুষ্ঠানে কৃষি

মন্ত্রী অতুল বরা উপস্থিত ছিলেন ।যোরহাট  জেলার জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রটিতে ও পি এম কিষাণ সম্মেলনের লাইভ ওয়েবকাষ্টের ব্যবস্থা করা হয়েছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গাও পঞ্চায়েতের প্রধানদের যোগাভ্যাস ও মিলেটের বিষয়ে সচেতনতা সৃষ্টি করে সর্বাত্মক বিষয়টি গন আন্দোলনে রুপান্তর করতে আহ্বান জানিয়েছেন ।গ্রাম পঞ্চায়েতগুলিকে লেখা এক পত্রে শ্রী মোদী বলেছেন যে  পঞ্চায়েত প্রাংগন , বিদ্যালয় , অংগন ওয়াড়ী কেন্দ্র যুগ্ম স্বাস্থ্য কেন্দ্র ও এধরনের অন্যান্য স্থানে যোগ ভিত্তিক কার্যসূচীর আয়োজন করে জনসাধারণকে বিশেষ করে যুব প্রজন্মকে দুশ্চিন্তামুক্ত জীবনশৈলী অতিবাহিত করতে অনুপ্রানিত করবে ।

দশম আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষে গ্রামপঞ্চায়েতগুলির সব বাসিন্দাদের অভিনন্দন জানিয়ে শ্রী মোদী বলেন যে এই দিবস যোগাভ্যাসে বৈশ্বিক প্রভাব ও জনসাধারণের উপর যোগাভ্যাসের ইতিবাচক প্রভাবের কথাকে প্রতিফলিত করেছে । তিনি বলেন যে এবারের যোগ দিবস নিজেরা সহ সমাজের জন্য যোগ বিষয়বস্তুর মাধ্যমে সরকারের সুস্থ রাষ্ট্র গঠনের প্রয়াসকে শক্তিশালী করে তুলবে ।এছাড়া প্রধানমন্ত্রী সর্বাত্মক স্বাস্থ্য ও কল্যানের লক্ষে উপনীত হতে সহায়তা করে আসা যোগাভ্যাস দেশের বহু প্রাচীন সংস্কৃতির উপহার বলে অভিহিত করেন ।যোগাভ্যাস মন ও শরীরকে শক্তিশালী করে তোলে বলে শ্রী মোদী মন্তব্য করেন । তিনি বলেন যে শরীর ও মনের জন্য শুধু যোগাভ্যাস ই নয় বরং শ্রী অন্নরুপে পরিচিত মিলেটের মতো শক্তিদায়ক খাদ্য ও জরুরী  ।

রাজ্য সরকারের মন্ত্রীসভার কিছু পরিবর্তন করা হয়েছে । সংসদীয় পরিক্রমা বিভাগের মূখ্য সচিবের জারী করা এক নির্দেশ অনুসারে মন্ত্রী কেশব মহন্তকে পরিবহন , মৎস ও আবগারী বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে । এদিকে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা পূর্বে মন্ত্রী কেশব মহন্তের হাতে থাকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের দায়িত্ব নিজের হাতে নিয়েছেন । কেশব মহন্তের কাছে পূর্বে থাকা বিজ্ঞান , প্রযুক্তি ও জলবায়ু পরিবর্তন তথা তথ্য প্রযুক্তি বিভাগের দায়িত্বের কোনো পরিবর্তন ঘটানো হয়নি । উল্লেখ্য সম্প্রতি লোকসভা নির্বাচনে সাংসদ হিসেবে নির্বাচিত পরিমল শুক্লবৈদ্য পরিবহন , মীন ও আবগারী বিভাগের দায়িত্বে ছিলেন । পরিমল শুক্লবৈদ্যের ধলাই বিধানসভা কেন্দ্রের বিধায়কের পদত্যাগপত্র আজ রাজ্যপাল গ্রহণ করেছেন ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আই আই টি খড়গপুরের ছাত্রাবাসে রহস্যজনক পরিস্থিতিতে তিনসুকিয়ার কচুজানের ছাত্র ফাইজান আহমেদের মৃতদেহ উদ্ধার হোয়া ঘটনার সত্য উদঘাটনের জন্য বিষয়টির তদন্ত সি বি আইর হাতে অর্পন করতে পশ্চিমবংগের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে গতকাল পত্রের মাধ্যমে আহ্বান জানিয়েছেন ।মুখ্যমন্ত্রী ড: শর্মার জরুরীভাবে প্রেরণ করা পত্রে ফাইজান আহমেদের অস্বাভাবিক মৃত্যু সম্পর্কে সম্প্রতি ফরেনসিক প্রতিবেদনে বিস্ফোরক তথ্য বেরিয়ে আসার কথা উল্লেখ করে প্রয়াত আহমেদের পিতামাতাকে ন্যায়

প্রদান নিশ্চিতকরনের জন্য এই অপরাধের সংগে জড়িত অন্যান্য ব্যাক্তির বিরুদ্ধে মামলা দায়ের করা অত্যন্ত প্রয়োজনীয় বলে উল্লেখ করেন ।উল্লেখ্য ২০২২ সালের ২০ অক্টোবর পশ্চিমবংগের মুখ্যমন্ত্রীকে মুখ্যমন্ত্রী ড: শর্মা ফাইজান আহমেদের অস্বাভাবিক মৃত্যুর পুংখানুপুংখ তদন্তের জন্য অনুরোধ জানিয়ে একটি পত্র প্রেরণ করেছিলেন । ২০২২ সালের ১৪ ই অক্টোবর আই আই টি খড়গপুরের ছাত্রাবাসের কোঠায় ফাইজান আহমেদের মৃতদেহ উদ্ধার হয়েছিল । আই আই টি কতৃপক্ষ এটিকে আত্মহত্যার ঘটনা বলে প্রকাশ করেছিল যদি ও প্রয়াত ফাইজানের পিতামাতা মৃতদেহে আঘাতের চিহ্ন দেখে হত্যা বলে সন্দেহ করেছিলেন । কোলকাতা উচ্চ ন্যায়লয়ের নির্দেশ অনুযায়ী প্রয়াত ফাইজানের কবর খুড়ে দ্বিতীয় মরোনত্তর পরীক্ষা সম্পন্ন করা হয়েছিল । এদিকে সম্প্রতি প্রকাশ পাওয়া প্রতিবেদনে ফাইজানের শরীরের ঘাড়ের বাদিকে ও ডানদিকে গুলীর আঘাত ছিল বলে উল্লেখ করা হয়েছে ।এর পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী সমগ্র ঘটনাটির সিবি আইর তদন্তের দাবী জানিয়েছেন ।

---

রাজ্যের গৃহ ও রাজনৈতিক বিভাগের সচিব তথা ভারতীয় পুলিশ সেবার আধিকারিক শিলাদিত্য চেতিয়ার আত্মহত্যার ঘটনায় আসাম পুলিশ গভীর শোক প্রকাশ করেছে ।পুলিশ সঞ্চালক প্রধান জি পি সিং এই বিষয়ে প্রকাশ করে বলেনযে দীর্ঘদিন থেকে কর্কট রোগে আক্রান্ত থাকা চেতিয়ার পত্নীর মৃত্যুর পরই তিনি আত্মহত্যা করেন ।এই ঘটনায় আসাম পুলিশ শোকস্তবদ্ধ হয়ে পড়েছে বলে শ্রী সিং মন্তব্য করেন । উল্লেখ্য ২০০৯ সালে ভারতীয় পুলিশ সেবার আধিকারিক চেতিয়া বিভিন্ন জেলায় দক্ষতার সংগে কার্যনির্বাহ করেছিলেন ।

---

রাজ্যের বিভিন্ন প্রান্তে বিগত কয়েকদিন ধরে অবিরাম বৃষ্টিপাতের ফলে বেশ কয়েকটি অঞ্চল প্লাবিত হয়েছে ।রাজ্য দূর্যোগ ব্যাবস্থাপনা কর্তৃপক্ষের তথ্য অনুসারে এপর্যন্ত রাজ্যের ১৪ টি জেলার প্রায় এক লক্ষ লোক বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন । করিমগঞ্জ,কোকরাঝার ,নলবারী জেলায় বিগত ২৪ ঘন্টা বৃষ্টিপাতের ফলে বন্যা পরিস্থিতির অবনতি ঘটেছে ।

করিমগঞ্জের জেলা আয়ুক্ত আজ এক নির্দেশ জারী করে করিমগঞ্জ জেলার সব সরকারী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান আগামীকাল ও পরশু ছুটি ঘোষনা করেছেন । নির্দেশে বলা হয়েছে যে লঙ্গাই ও কুশিয়ারা নদীর জলস্তর বৃদ্ধি পাওয়ায় এবং বৃষ্টির জলে জেলার বেশীরভাগ বিদ্যালয় জলমগ্ন হওয়ায় ছাত্র ছাত্রীদের সুরক্ষার প্রতি লক্ষ্য রেখে আগামীকাল ও পরশু করিমগঞ্জ জেলার সব সরকারী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি ঘোষনা করা হয়েছে ।তবে পূর্ব নির্ধারিত সূচী অনুসারে কোনো পরীক্ষা যদি অনুষ্ঠিত হবার কথা থাকে তা যথারীতি অনুষ্ঠিত হবে বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে।

এদিকে মেঘালয়ের রাতাছড়ায় আজ ভূমিধ্বসের ফলে শিলচর-গৌহাটী সংযোগী ৬ নম্বর জাতীয় সড়কে যানবাহনগুলি এখনও আবদ্ধ রয়েছে । রাতাছড়ায় আজ ভোরে পুনরায় ভূমিধ্বসের ঘটনা সংঘটিত হয়েছে ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিবাগ আসাম ,মেঘালয় ও পশ্চমবঙ্গের পাশ্ববর্তী অঞ্চলগুলিতে পরবর্তী দু-তিনদিন অবিরাম বৃষ্টিপাত অব্যাহত থাকবে বলে পূর্বাভাসে জানিয়েছে।
এদিকে রাজ্য আবহাওয়া বিজ্ঞান বিভাগ থেকে জানানো হয়েছে যে আগামীকাল ও পরশু বরাক উপত্যকার তিন জেলা কাছাড় ,করিমগঞ্জ ও হাইলাকান্দি সহ রাজ্যের অন্যান্য জেলায় মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । তবে কিছু কিছু স্থানে বজ্র বিদ্যুত সহ ঝড়ের সম্ভাবনা রয়েছে বলেও আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে ।

---

রাজ্যের জলসম্পদ বিভাগ সূত্রে আকাশবাণীকে জানানো হয়েছে যে আজ রাত সাতটায় শিলচর অন্নপূর্নাঘাটে বরাক নদীর জলস্তর বিপদসীমার এক মিটার ১৩ সেন্টিমিটার নীচে প্রবাহিত হচ্ছে । এখানে জল সন্ধ্যা ছটা থেকে স্থিতাবস্থায় রয়েছে । উল্লেখ্য শিলচর অন্নপূর্নঘাটে বরাক নদীর বিপদসীমা হচ্ছে ১৯ দশমিক ৮-৩ সেন্টিমিটার । এদিকে বরাক উপত্যকার অন্যান্য নদীগুলির জলস্তর বৃদ্ধি পেলে ও নদীগুলির জল বিপদসীমার নীচে প্রবাহিত হচ্ছে বলে সূত্রে জানানো হয়েছে ।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও , যুব সংগঠন এ আই ডি ওয়াই ও এবং মহিলা সংগঠন এ আই এম এস এস -এর আসাম রাজ্য কমিটির যৌথ উদ্যোগে আজ গৌহাটীর উলুবাড়ীতে প্যালেস্থাইনের গাজা অঞ্চলে চালানো ধারাবাহিক বোমা আক্রমন ও গণহত্যা অবিলম্বে বন্ধের দাবীতে বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয় । বিক্ষোভ চলাকালীন এ আই ডি এস ও-র রাজ্য কমিটির রাজ্য সভাপতি প্রজ্বোল দেব বক্তব্য রাখেন ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর কেয়ারের সহযোগীতায় আগামী বৃহস্পতিবার পালংঘাটের রুকনী বাগান ঘরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---